

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৭.০৩০.২০১৪- ৩৭০

তারিখঃ ২০/২/ ১৪২৫।
০৪/৫/ ২০১৮।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মোহসিন আলী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট, সাবেক উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৫.০৬.২০১৭ তারিখে বিভাগীয় মামলা (বিমা-১১/১৭/২৪২) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৪.১০.২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ২২.০১.২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক জনাব মো: মোহসিন আলী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট, সাবেক উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৭.০৩০.২০১৪- ৩৭০/১২

তারিখঃ ২০/২/ ১৪২৫।
০৪/৫/ ২০১৮।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট/কুড়িগ্রাম।
৯. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
১০. জনাব মো: মোহসিন আলী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট, (সাবেক ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- প্রোগ্রামার-১
- মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
- প্রোগ্রামার-২
- সহঃ প্রোগ্রামার-১
- সহঃ প্রোগ্রামার-২
- সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-১
- সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-২

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০